

## **া** বৈধ ও অবৈধ অসীলা

বিভাগ/অধ্যায়ঃ আল্লাহ তা'আলা ব্যতীত ওলীগণের কাছে চাওয়া বড় শিরক হওয়ার সম্পর্কে দলীল সমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

আল্লাহ তা'আলা ব্যতীত ওলীগণের কাছে চাওয়া বড় শিরক হওয়ার সম্পর্কে দলীল সমূহ

আল্লাহ তা'আলা বলেন.

فَلَا تَداَّعُواْ مَعَ ٱللَّهِ أَحَدًّا

"কাজেই তোমরা আল্লাহর সাথে অন্য কাউকে ডেকো না।" [সূরা আল-জিন্ন, আয়াত: ১৮]
এখানে 'আহাদান' শব্দটি 'নাকেরা' না বাচক এর স্থানে ব্যবহৃত হওয়ায় সার্বজনীন এর অর্থ দেয়। অর্থাৎ এক
আল্লাহ ব্যতীত কাউকে ডাকা হবে না। আর আল্লাহ ব্যতীত অন্যকে ডাকা বড় শির্ক যা ব্যক্তির সব আমলকে ধ্বংস
করে দেয়। যেমন আল্লাহ তা'আলা বলেন,

وَقَدِمِانَاۤ إِلَىٰ مَا عَمِلُواْ مِنا عَمل فَجَعَلااً لَهُ هَبَآء مَّ نتُورًا

"আর তারা যে কাজ করেছে আমি সে দিকে অগ্রসর হব। অতঃপর তাকে বিক্ষিপ্ত ধুলিকণায় পরিণত করে দেবো।" [সূরা আল-ফুরকান, আয়াত: ২৩]

এ বিষয়ে আরো দলীল হল সূরা আল-আ'রাফের শেষে আল্লাহ তা'আলার বাণী:

﴿ أَيُشْكَرِكُونَ مَا لَا يَخْالُقُ شَيئًا وَهُمِ اَ يُخْالَقُونَ ١٩١ وَلَا يَسْآتَطِيعُونَ لَهُم اَ نَصِرًا وَلَا أَنفُسَهُم اَ يَنصُرُونَ ١٩٢ وَإِن تَداعُوهُم اَ إِلَى ٱللهُدَىٰ لَا يَتَبِعُوكُم اللهَ عَبَادٌ أَما اللهُ اللهُ اللهُ اللهُ عَبَادٌ اللهُ عَبَادٌ أَما اللهُ اللهُ

"তারা কি এমন বস্তুকে শরীক করে যারা কিছুই সৃষ্টি করে না? বরং ওরা নিজেরাই সৃষ্ট, ওরা না তাদেরকে সাহায্য করতে পারে। আর তোমরা তাদেরকে সৎপথে ডাকলেও তারা তোমাদেরকে অনুসরণ করবে না; তোমরা ওদেরকে ডাক বা চুপ থাক, তোমাদের জন্য উভয়ই সমান। আল্লাহ ছাড়া তোমরা যাদেরকে আহ্বান কর তারা তো তোমাদেরই মতো বান্দা; সুতরাং তোমরা তাদেরকে ডাক, অতঃপর তারা যেন তোমাদের ডাকে সাড়া দেয়, যদি তোমরা সত্যবাদী হও। তাদের কি পা আছে যা দিয়ে ওরা চলে? তাদের কি হাত আছে যা দিয়ে ওরা ধরে? তাদের কি চোখ আছে যা দিয়ে ওরা দেখে? কিংবা তাদের কি কান আছে যা দিয়ে ওরা শুনে? বলুন, 'তোমরা যাদেরকে আল্লাহর শরীক করেছ তাদেরকে ডাক তারপর আমার বিরুদ্ধে ষড়যন্ত্র কর এবং আমাকে অবকাশ দিও না'। আর আল্লাহ ছাড়া তোমরা যাদেরকে ডাক তারা তো



তোমাদেরকে সাহায্য করতে পারে না এবং তারা তাদের নিজেদেরকেও সাহায্য করতে পারে না।" [সূরা আল-আ'রাফ: ১৯১-১৯৭]

এ আয়াতসমূহ সুস্পষ্ট দলীল যে, আল্লাহ ব্যতীত অন্যের কাছে দো'আ করা বড় শির্ক এবং মুসলিম মিল্লাত থেকে বহিষ্কারকারী।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9831

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন